নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website: www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
E-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/হালনাগাদ তথ্য/২০২৬/২৬১৬ ২৩ জুলাই ২০২৬

নোবিপ্রবি প্রশাসনের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সমাজকর্ম বিভাগের স্পোর্টস উইক-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (০২ জুলাই ২০২৬) বিকাল ৩টায় নোবিপ্রবি কেন্দ্রীয় খেলার মাঠে এ উপলক্ষে আয়োজিত ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ে দায়িত্ব গ্রহণের পর এটিই তার প্রথম কোনো ক্রীড়া ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ। শিক্ষাজীবন থেকেই খেলাধুলার প্রতি তার গভীর আগ্রহ ও সম্পৃক্ততা ছিলো উল্লেখ করে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে ক্রীড়াঙ্গনের সার্বিক উন্নয়ন, শিক্ষার্থীদের প্রতিভা বিকাশ এবং ক্রীড়াবান্ধব পরিবেশ নিশ্চিত করতে প্রশাসন ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরও বলেন, এ ধরনের ক্রীড়া আয়োজন শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এমন সুন্দর আয়োজন সফলভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে তিনি বিশ্ববিদ্যালয়ে খেলাধুলার প্রসার ও উৎকর্ষ সাধনে সকলের সম্মিলিত সহযোগিতা কামনা করেন।

২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) নানা আয়োজনে 'ইইই ডে-২০২৬' উদযাপন হচ্ছে। দুই দিনব্যাপী আয়োজিত এ অনুষ্ঠান উপলক্ষে সোমবার (০৬ জুলাই ২০২৬) নোবিপ্রবি ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ এবং ইইই এসোসিয়েশনের যৌথ উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালিসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত পোস্টার প্রেজেন্টেশন, প্রজেক্ট শোকেস, মোবাইল গেমিং, সার্কিট অলিম্পিয়াড, প্রোগ্রামিং কনটেস্ট, লাইন ফলোইং রোবট ও ট্রেজার হান্ট ইভেন্টসমূহের উদ্বোধন করেন। দিবসটি উপলক্ষে এদিন সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে র‍্যালির আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী, উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ইইই বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. বেল্লাল হোসাইনসহ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'নোবিপ্রবি'র অধিকতর উন্নয়নে সম্ভাব্যতা সমীক্ষা ও মাস্টার প্ল্যান প্রণয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে ইন্টেরিম রিপোর্টের ওপর অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৭ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন নোবিপ্রবি ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ। সভায় প্রধান আলোচক ছিলেন বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডিন ও ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকার। সভায় অন্যান্যের মাঝে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কনসালটেন্সি ফার্মের কর্মকর্তাবৃন্দ ও নোবিপ্রবির কর্মকর্তাবৃন্দ অংশ নেয়।

৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ইরাসমাস+ KA171 স্টাফ মোবিলিটি ফর টিচিং কর্মসূচি সফলভাবে সম্পন্ন করায় তুরস্কের সিভাস ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (SUST)-এর তিন শিক্ষককে অংশগ্রহণ সনদ (Certificate of Attendance) ও স্মারক প্রদান করা হয়েছে। বুধবার (৮ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তাদের হাতে সনদ ও স্মারক তুলে দেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সনদ ও স্মারক তুলে দেয়ার প্রাক্কালে সংক্ষিপ্ত বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, ইরাসমাস+ KA171 স্টাফ মোবিলিটি কর্মসূচি দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক সহযোগিতা জোরদার, আন্তর্জাতিকীকরণ কার্যক্রম সম্প্রসারণ এবং জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। একই সঙ্গে এ ধরনের উদ্যোগ ভবিষ্যতে যৌথ গবেষণা ও আন্তর্জাতিক অংশীদারিত্ব বৃদ্ধিতেও সহায়ক হবে। নোবিপ্রবি কর্তৃপক্ষ আশা প্রকাশ করেছে, এ কর্মসূচির মাধ্যমে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং সিভাস ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক আরও সুদৃঢ় হবে। পাশাপাশি বাংলাদেশ ও তুরস্কের শিক্ষাবিদ ও গবেষকদের মধ্যে জ্ঞান, গবেষণা-অভিজ্ঞতা এবং সর্বোত্তম চর্চা বিনিময়ের নতুন সুযোগ সৃষ্টি হবে।

৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সেন্ট্রাল স্টুডেন্টস ক্যাফেটেরিয়ার কার্যক্রম শুরু করা হয়েছে। বুধবার (০৮ জুলাই ২০২৬) এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থেকে কার্যক্রমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। কার্যক্রমের উদ্বোধনকালে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, শিক্ষার্থীদের কল্যাণ নিশ্চিত করাই বিশ্ববিদ্যালয় প্রশাসনের অন্যতম প্রধান অঙ্গীকার। এ লক্ষ্যকে সামনে রেখে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দীর্ঘদিনের প্রত্যাশিত কেন্দ্রীয় স্টুডেন্টস ক্যাফেটেরিয়া চালু করা হয়েছে। এর মাধ্যমে শিক্ষার্থীদের জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও মানসম্মত খাবার নিশ্চিত করার একটি স্থায়ী ব্যবস্থা গড়ে উঠেছে। তিনি আরও বলেন, শিক্ষার্থীরা যাতে ক্যাম্পাসের ভেতরেই সুলভ মূল্যে স্বাস্থ্যসম্মত খাবার পেতে পারে, সে বিষয়টি বিবেচনায় রেখেই বৃহৎ পরিসরে এ ক্যাফেটেরিয়া চালু করা হয়েছে।

৬. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) উদ্যোগে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সঙ্গে ২০২৬-২৭ অর্থবছরের গবেষণা বাজেট বাস্তবায়ন বিষয়ক সভা বৃহস্পতিবার (৯ জুলাই ২০২৬) ইউজিসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় অংশগ্রহণ করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সভায় ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ জানান, ২০২৬-২৭ অর্থবছরে গবেষণা খাতে ২৩৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ অর্থ তিনটি গুরুত্বপূর্ণ উপখাতে ব্যয় করা হবে। অর্থবছরের শুরুতেই স্নাতক, স্নাতকোত্তর, এমফিল ও পিএইচডি পর্যায়ের গবেষণার জন্য প্রস্তাব আহ্বান করা হবে। এ প্রসঙ্গে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী ইউজিসি'র গবেষণার মানোন্নয়ন, গবেষণা অর্থায়নের সুযোগ বৃদ্ধির এ উদ্যোগকে সময়োপযোগী বলে অভিহিত করেন। তিনি আশা প্রকাশ করে বলেন, এমন উদ্যোগ দেশের উচ্চশিক্ষা ও গবেষণা খাতকে আরও সমৃদ্ধ করবে এবং নোবিপ্রবিসহ দেশের বিশ্ববিদ্যালয় গুলোতে গবেষণার পরিধি ও গুণগত মান বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে।

৭. বর্ষীয়ান রাজনীতিবিদ, সাবেক স্পিকার ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর জাতীয় স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মোহাম্মদ জমির উদ্দিন সরকার মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। রোববার (১২ জুলাই ২০২৬) এক শোকবার্তায় উপাচার্য মরহুম ব্যারিস্টার মোহাম্মদ জমির উদ্দিন সরকারের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। শোকবার্তায় তিনি জানান, ব্যারিস্টার জমির উদ্দিন সরকার দেশের আইন অঙ্গন এবং সাংবিধানিক পরিমণ্ডলে চিরস্মরণীয় ব্যক্তিত্ব হয়ে থাকবেন। জাতীয় সংসদের স্পিকার হিসেবে তিনি দক্ষতা, প্রজ্ঞা ও সততার সঙ্গে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। এ সময় দেশে ন্যায় বিচার, আইনের শাসন এবং গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠায় জমির উদ্দিন সরকারের অবদান জাতি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে বলে শোকবার্তায় উল্লেখ করেন উপাচার্য।

৮. গবেষণা, উদ্ভাবন এবং মেধাস্বত্ব সুরক্ষা জোরদারের লক্ষ্যে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) এবং শিল্প মন্ত্রণালয়ের অধীন পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর মাঝে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর ও প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৩ জুলাই ২০২৬) নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। স্মারকে নোবিপ্রবির পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অন্যদিকে ডিপিডিটি'র পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানের মহাপরিচালক মো. জাহাঙ্গীর হোসাইন।

৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) বিভাগের ৪র্থ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৩ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যৎ ও তাদের লালিত স্বপ্ন পূরণের জন্য শুভকামনা জানিয়ে বলেন, স্বপ্নই একজন মানুষের ভবিষ্যত গঠনের অনুপ্রেরণা তাই প্রত্যেক শিক্ষার্থীকে জীবনে সর্বাগ্রে বড় হওয়ার স্বপ্ন বুনতে হবে। এ সময় উপাচার্য আরও বলেন, একজন শিক্ষার্থীর সবচেয়ে বড় অর্জন হলো নিজ যোগ্যতায় এমন উচ্চতায় পৌঁছানো, যেখানে তিনি তার শিক্ষকদেরও গর্বিত করতে সক্ষম হন।

১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ডিবেটিং সোসাইটির আয়োজনে 'Iron Throne Saga, English Intra BP 1.0' শীর্ষক বিতর্ক প্রতিযোগিতার গ্র্যান্ড ফাইনাল এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৩ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, শিক্ষার্থীদের উদ্যোগে আয়োজিত ইংরেজি বিতর্ক প্রতিযোগিতার মতো এ ধরনের সৃজনশীল ও বুদ্ধিবৃত্তিক কার্যক্রম ভবিষ্যতেও ধারাবাহিকভাবে অব্যাহত থাকবে। তিনি আরও বলেন, ইংরেজি বর্তমান বিশ্বের অন্যতম বহুল ব্যবহৃত এবং দ্বিতীয় ভাষা হিসেবে সর্বাধিক গ্রহণযোগ্য। এ ভাষায় দক্ষতা ও সাবলীলভাবে যোগাযোগ করার অভিজ্ঞতা অর্জন শিক্ষার্থীদের ব্যক্তিগত, একাডেমিক এবং পেশাগত জীবনকে সমৃদ্ধ করে তুলবে, যা ভবিষ্যতে দেশ-বিদেশে উচ্চশিক্ষা,

গবেষণা ও কর্মক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উপাচার্য আরও বলেন, বর্তমান সরকার ভাষা শিক্ষার সম্প্রসারণ ও দক্ষ মানবসম্পদ গড়ে তোলার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব প্রদান করছে। দ্বিতীয় ভাষার পাশাপাশি তৃতীয় ভাষা শিক্ষার বিষয়েও সমান গুরুত্বারোপ করা হচ্ছে, ফলে সময়ের চাহিদা বিবেচনায় শিক্ষার্থীদের বহুভাষিক দক্ষতা অর্জনের কোনো বিকল্প নেই।

১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) সাংবাদিক সমিতির আয়োজনে সাংবাদিকতায় বুনিয়াদি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৪ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে আয়োজিত এ কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বস্তুনিষ্ঠ সাংবাদিকতার গুরুত্ব তুলে ধরে বলেন, 'ক্যাম্পাসে ক্রিয়াশীল সংগঠনসমূহের মাঝে সাংবাদিকদের সংগঠন উল্লেখযোগ্য, আমি প্রত্যাশা করি সাংবাদিকরা তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করবে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও অবকাঠামোগত কার্যক্রমের ইতিবাচক দিকসমূহ তারা গণমাধ্যমে তুলে ধরার মাধ্যমে বিশ্ববিদ্যলয়ের অগ্রযাত্রায় সহায়ক ভূমিকা পালন করবে। আমার যোগদানের তিনমাস অতিক্রান্তের এ সময়ে বিশ্ববিদ্যলয়ের সংবাদ তুলে ধরার ক্ষেত্রে আমি সাংবাদিক সমিতির গঠনমূলক কার্যক্রম প্রত্যক্ষ করেছি, এ জন্য তাদের প্রশংসা করছি। এ সময় উপাচার্য, যে সকল সংবাদের সংবাদ উপযোগিতা নেই, তা সংবাদ প্রতিবেদন হিসেবে সামাজিক যোগাযোগমাধ্যমসহ অন্যান্য মিডিয়ায় প্রচার করে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন না করতে সাংবাদিকদের প্রতি আহ্বান জানান।

১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফার্মেসী বিভাগের ১৫তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা মঙ্গলবার (১৪ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, বিদায় শব্দটির সঙ্গে স্বাভাবিকভাবেই এক ধরনের আবেগ, শূন্যতা ও বেদনার অনুভূতি জড়িয়ে থাকে। তবে শিক্ষাজীবনের এ বিদায়কে চূড়ান্ত বিদায় হিসেবে নয়, বরং নতুন একটি সম্ভাবনা, দায়িত্ব ও সাফল্যের পথে যাত্রার সূচনা হিসেবে বিবেচনা করতে হবে। যদিও প্রিয় শিক্ষাঙ্গণ, শিক্ষক ও সহপাঠীদের ছেড়ে যাওয়াটা কিছুটা কষ্টের, কিন্তু ভবিষ্যত কর্মজীবনে সাফল্য অর্জনের মধ্য দিয়ে সেই অনুভূতি একসময় গর্ব ও আনন্দে রূপান্তরিত হবে এটাই স্বাভাবিক। বক্তব্যে স্নাতকদের পেশাগত জীবনের সর্বাঙ্গীণ সাফল্য, সমৃদ্ধি ও উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন উপাচার্য।

১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের জন্য পরিবেশবান্ধব ইলেকট্রনিক কার (ই-কার) হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষ্যে বুধবার (১৫ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের পরিবহন শেডে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী মহোদয়ের নিকট দুইটি ই-কার এর চাবি হস্তান্তর করেন গ্রিন ফিউচার ফাউন্ডেশন বাংলাদেশের কর্মকর্তাবৃন্দ। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য নোবিপ্রবিতে পরিবেশবান্ধব ই-কার সংযোজনকে বিশ্ববিদ্যালয়ের টেকসই উন্নয়ন ও আধুনিক ক্যাম্পাস ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, এ ই-কার বিশ্ববিদ্যালয়ের জন্য একটি নতুন সংযোজন, যা শিক্ষার্থীদের অভ্যন্তরীণ যাতায়াত আরও সহজ, নিরাপদ ও সাশ্রয়ী করে তুলবে।

১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কাতারের সাবেক আমির শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যুতে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৫ জুলাই ২০২৬) বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে এ মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামসহ নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। এ সময় মরহুমের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মুনাজাত অনুষ্ঠিত হয়।

১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) রিজেন্ট বোর্ডের ৭০তম সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৬ জুলাই ২০২৬) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সভার শুরুতে রিজেন্ট বোর্ডের সদস্যদের স্বাগত জানিয়ে বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। তিনি বিশ্ববিদ্যালয় প্রশাসনের গৃহীত শিক্ষার্থীবান্ধব বিভিন্ন উদ্যোগ সম্পর্কে সদস্যদের অবহিত করেন। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম, গবেষণার পরিবেশ, অবকাঠামোগত উন্নয়ন এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে সদস্যদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেন ও তাদের মূল্যবান মতামত এবং পরামর্শ গ্রহণ করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন, সুশাসন, মানসম্মত শিক্ষা এবং গবেষণার উৎকর্ষ অর্জনে রিজেন্ট বোর্ডের সদস্যদের আন্তরিক সহযোগিতা কামনা করেন তিনি।

১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী তুরস্কের পামুক্কালে বিশ্ববিদ্যালয় আয়োজিত ইরাসমাস স্টাফ মোবিলিটি কর্মসূচিতে অংশগ্রহণ এবং দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের উদ্দেশ্যে শনিবার (১৮ জুলাই ২০২৬) ঢাকা ত্যাগ করেছেন। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও পামুক্কালে বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের মাধ্যমে দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণা সহযোগিতা, শিক্ষক ও শিক্ষার্থী বিনিময়, যৌথ গবেষণা, আন্তর্জাতিক প্রকাশনা, দক্ষতা উন্নয়ন এবং ভবিষ্যৎ যৌথ উদ্যোগ বাস্তবায়নের ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে বলে আশা করা হচ্ছে।

১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের বিভাগওয়ারী পরিচিতি সভা (ওরিয়েন্টেশন) অনুষ্ঠিত হয়েছে। রবিবার (১৯ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে ওরিয়েন্টেশন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে থাকা উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম।

১৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষা প্রশাসন বিভাগের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২১ জুলাই ২০২৬) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা প্রশাসন বিভাগের আয়োজনে কেন্দ্রীয় লাইব্রেরি ভবনের ২য় তলায় এ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে থাকা উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম।

১৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) এবং তুরস্কের পামুক্কালে বিশ্ববিদ্যালয় (Pamukkale University) এর মাঝে শিক্ষা, গবেষণা ও একাডেমিক সহযোগিতা জোরদারের লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। মঙ্গলবার (২১ জুলাই ২০২৬) স্বাক্ষরিত চুক্তিতে নোবিপ্রবির পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অন্যদিকে পামুক্কালে বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ গুঙ্গোর। সমঝোতা স্মারকের মাধ্যমে দুই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও বৈজ্ঞানিক সক্ষমতাকে অভিন্ন লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে একত্রে কাজে লাগানোর ভিত্তি তৈরি হলো। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী তার বক্তব্যে নোবিপ্রবির শিক্ষা ও গবেষণা, র‍্যাঙ্কিং, আন্তর্জাতিক অঙ্গনে বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণ এবং বৈশ্বিক মানসম্পন্ন উচ্চশিক্ষার প্রসারে এ চুক্তি ভূমিকা রাখবে বলে উল্লেখ করেন।

২০. দেশের উচ্চশিক্ষা, গবেষণা ও জ্ঞানভিত্তিক উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচনের লক্ষ্যে বাংলাদেশ রিসার্চ অ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক (BdREN) এবং বিশ্বের অন্যতম শীর্ষস্থানীয় একাডেমিক প্রকাশনা প্রতিষ্ঠান Cambridge University Press (CUP)-এর যৌথ উদ্যোগে "BdREN–CUP Collaboration: Pathway towards Global Knowledge" শীর্ষক একটি বিশেষ সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২২ জুলাই ২০২৬) রাজধানীর হোটেল শেরাটনে অনুষ্ঠিত এ বিশেষ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও BdREN ট্রাস্টের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্যের রুটিন দায়িত্বে থাকা উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪